

তারিখ: ১৫/০৭/২০২৪ খ্রি.

## ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক পরীক্ষার্থীকে নিজ রেজিস্ট্রেশন নম্বর এন্ট্রি দিয়ে Online - এ ফরম পূরণ সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া গেল। এ লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: <http://ems.nu.ac.bd/www.nubd.info/honours> থেকে আবেদন ফরম সংগ্রহ করতে পারবে।

### ১। অংশগ্রহণের যোগ্যতা:

নিয়মিত: ২০২১-২০২২ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২২ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে তারা ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

অনিয়মিত: ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা অনার্স ২য় বর্ষ পরীক্ষায় ১ম বারের মতো "C" বা "D" গ্রেড পেয়েছে তারা গ্রেড উন্নীত করার জন্য সুযোগ পাবে সর্বোচ্চ ২টি কোর্সে এবং "F" গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

গ্রেডউন্নয়ন: ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যারা Promoted হয়েছে তারা শুধুমাত্র "C" বা "D" গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ ২টি কোর্সে গ্রেডউন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। যারা ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে "F" গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় "F" গ্রেড প্রাপ্ত কোর্সে অংশগ্রহণ করতে পারবে। এছাড়া যারা ২০২২ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C. Promoted হয়েছে তারা অনুপস্থিত ১টি কোর্সে এ পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এক্ষেত্রে মোট ফি এর অতিরিক্ত ১০০০/- (এক হাজার) টাকা প্রদান করতে হবে।

এছাড়া ২০১৪-১৫ ও ২০১৫-১৬ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে "F" গ্রেড প্রাপ্ত শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়- ৫,০০০/- ও কলেজ- ৫০০/-) সর্বমোট ৫,৫০০/- টাকা প্রদান সাপেক্ষে শুধুমাত্র ২০২৩ সালের ২য় বর্ষ পরীক্ষায় ফরম পূরণের সুযোগ পাবে।

### ২। ফরম পূরণ ফি জমাদানের পদ্ধতি:

(খ) আগামী ২১/০৭/২০২৪ হতে ২৯/০৭/২০২৪ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত User Name এবং Password ব্যবহার করে ওয়েবসাইট: <https://rangamaticcollege.eshiksaems.com> -এ Login করে নির্ধারিত ফি জমা দিতে পারবে।

**User Name:** rangamatistudent এবং **Password:** rangamatistudent

(গ) Education Management System এর Pay through Sonali Pay অপশনে গিয়ে Session -এ শিক্ষাবর্ষ, Class Roll/Admission Roll -এ রেজিস্ট্রেশন নম্বর এন্ট্রি দিয়ে Connect Sonali Pay ক্লিক করতে হবে।


(ঘ) Sonali Payment Gateway ব্যবহার করে যেকোনো মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে।

(ঙ) তারপর Receipts Print ক্লিক করার পর Registration No এন্ট্রি দিয়ে Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।


### ৩। আবেদন ফরম, Payslip ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি স্ব-স্ব বিভাগে জমাদান: ২৪/০৭/২০২৪ হতে ২৯/০৭/২০২৪ খ্রি.

### ৪। ফি এর বিবরণ:

বিষয়/বিভাগের নাম	প্রকার	জাতীয় বিশ্ববিদ্যালয়	কলেজ	সর্বমোট
ইংরেজি	নিয়মিত	১,৬০০	৫০০	২,১০০
	অনিয়মিত	১,৯০০	৫০০	২,৪০০
বাংলা/ইতিহাস/ইসঃ ইতিহাস/দর্শন/রাষ্ট্রবিজ্ঞান/ অর্থনীতি/ব্যবস্থাপনা/হিসাববিজ্ঞান	নিয়মিত	১,৮৫০	৫০০	২,৩৫০
	অনিয়মিত	২,১৫০	৫০০	২,৬৫০
পদার্থবিজ্ঞান/প্রাণিবিজ্ঞান/উদ্ভিদবিজ্ঞান/গণিত	নিয়মিত	২,৩০০	৮০০	৩,১০০
	অনিয়মিত	২,৬০০	৮০০	৩,৪০০
বিএ/বিএসএস/বিবিএ- ১ পত্র বিশিষ্ট		৫৫০	৫০০	১,০৫০
বিএসসি- ১ পত্র বিশিষ্ট		৮০০	৬৫০	১,৪৫০

  
২৫.০৭.২০২৪  
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

  
২৫/০৭/২০২৪

### বিতরণ:

- উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- বিভাগীয় প্রধান ..... (সকল বিভাগ), অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে পরীক্ষার্থীদের ডকুমেন্ট আগামী ৩০/০৭/২০২৪ খ্রি. তারিখের মধ্যে কলেজের হিসাব শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো;
- হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে প্রচার করার জন্য নির্দেশ দেয়া গেল;
- সংরক্ষণ নথি।